



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd



স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/কা.গ.ব/ব-৯৬/২০১৬/১৫২৫

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৭ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ


বিষয়: রিট মামলার আদেশ বাস্তবায়ন এবং মামলা পরিচালনার দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

সূত্র: করুনা মোকামিয়া কামিল মাদরাসার আবেদন স্মারক নং-ক.মো.কা.মা/কমিটি/৫৫/২০২৬, তারিখ-২০.০৯.২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত আবেদনের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রেরিত বিগত ০৬ মে ২০২৬খ্রি. তারিখের পত্রের আদেশের বৈধতা বিষয়ে মোঃ লুৎফর রহমান মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৬৯৯৭/২০২৬ দায়ের করেন। মাননীয় আদালত গুনানী অস্তে রুল নিশি জারি করেন। মাননীয় আদালত উক্ত রিটের রায়ের পর্যবেক্ষণে সভাপতি পদের মনোনয়ন স্থগিত করে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা), বরগুনা মহোদয়কে সভাপতি পদের দায়িত্ব পালনের আদেশ প্রদান করেন। মোকদ্দমায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহোদয়কে ০২ নং ও রেজিস্ট্রার মহোদয়কে ০৩ নং বিবাদী করা হয়েছে।

এমতাবস্থায় রিট মামলার আদেশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ এবং বিবাদী নং ০২ ও ০৩ অর্থাৎ ভাইস-চ্যান্সেলর মহোদয় ও রেজিস্ট্রার মহোদয়ের পক্ষে মামলাটি পরিচালনার জন্য আপনাকে দায়িত্ব প্রদান করা হলো এবং সময়ে সময়ে মামলাটির সর্বশেষ অবস্থা বিশ্ববিদ্যালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে


০৭.১০.২৬
(প্রফেসর ড. এ. কে. মুহা. নুরুল ইসলাম)
রেজিস্ট্রার (অ.দা)
মোবাইলঃ ০১৭০৫৪০৮০০১

প্রাপক

অধ্যক্ষ

করুনা মোকামিয়া কামিল মাদরাসা,

ডাকঘর- দারুল উলুম, উপজেলা- বেতাগী, জেলা-বরগুনা।

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/কা.গ.ব/ব-৯৬/২০১৬/১৫২৫ (৪) তারিখ: ০৭ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ


সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা), বরগুনা ও সভাপতি, করুনা মোকামিয়া কামিল মাদরাসা (রিট মামলার আদেশ মোতাবেক)।

২। ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি।

৩। আই.সি.টি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৪। সংশ্লিষ্ট নথি।


০৭/১০/২৬
(জাকির হোসাইন)
সহকারী রেজিস্ট্রার
মোবাইলঃ ০১৯১৪০৪৬১৯৪